দৈনিক সংবাদ



তারিখ ... 04 APR 1989 ...
পৃষ্ঠা ... 7 ... কলাম ... 1 ...

তথ্য ও পরিসংখ্যান বিভাগ
ডকুমেন্টেশন কেন্দ্র

# বিচিত্রার বিরুদ্ধে প্রেস কাউন্সিলে মামলার রায়

সাপ্তাহিক বিচিত্রার সম্পাদক, নির্বাহী সম্পাদক ও প্রতিবেদকের বিরুদ্ধে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক মুহম্মদ আবদুল বারী ও সদস্য অধ্যাপক মুহাম্মদ শামসুল হক প্রেস কাউন্সিলে যে মামলা দায়ের করেন তার রায় দেয়া হয়েছে।

রায়ে এপ্রিল মাসের প্রথম সপ্তাহের মধ্যে ফরিয়াদীর প্রতিবাদলিপি সাপ্তাহিক বিচিত্রায় ছাপানোর এবং তা প্রেস কাউন্সিলকে অবহিত করার নির্দেশ দেয়া হয়েছে।

গত বছর ২রা সেপ্টেম্বরের ১৪ সংখ্যায় বিচিত্রায় প্রকাশিত "বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের অনিয়ম" শীর্ষক প্রতিবেদনের বিরুদ্ধে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন মামলা দায়ের করেছিল। প্রতিবেদনটি অসত্য, ভিত্তিহীন, কাল্পনিক ও উদ্দেশ্য প্রণোদিত বলে অভিযোগ করা হয়। খবর সংবাদ বিজ্ঞপ্তির।